

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৮৬৪

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ২২. যে প্রাণীকে মুহরিম (ইহরামরত) ব্যক্তি নিজে শিকার করেনি - এমন প্রাণী গোশত খাওয়া প্রসঙ্গে

بَاب فِي أَكْلِ لَحْمِ الصَّيْدِ لِلْمُحْرِمِ إِذَا لَمْ يَصِدْ هُوَ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عُثْمَانَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ قَالَ بَيْنَمَا نَحْنُ نَسِيرُ وَهُمْ مُحْرِمُونَ وَأَبُو قَتَادَةَ حَلَالٌ إِذْ رَأَيْتُ حِمَارًا فَرَكَبْتُ فَرَسًا فَأَصْبَبْتُه فَأَكَلُوا مِنْ لَحْمِهِ وَهُمْ مُحْرِمُونَ وَلَمْ أَكُلْ فَأَتَوَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلُوهُ فَقَالَ أَشْرْتُمْ قَتَلْتُمْ أَوْ قَالَ ضَرَبْتُمْ قَالُوا لَا قَالَ فَكُلُوا

বাংলা

১৮৬৪. আব্দুল্লাহ ইবনু আবী কাতাদা (রাঃ) এর পিতা হতে বর্ণিত, 'আমরা অভিযাত্রা করছিলাম। (বর্ণনাকারী বলেন,) আর তারা (তার সঙ্গীরা) মুহরিম ছিলেন কিন্তু আবী কাতাদা নিজে মুহরিম ছিলেন না। (তিনি বলেন,) হঠাৎ আমি একটি বন্য গাধা দেখতে পেলাম। সেই মূহুর্তে আমি ঘোড়ায় উঠে চড়ে বসলাম এবং গাধাটিকে আক্রমণ করে মেরে ফেললাম। তারা তার মাংস খেলেন, অথচ তারা মুহরিম ছিলেন। কিন্তু আমি খাইনি। ইতোমধ্যে তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে তারা মিলিত হয়ে তাঁকে এই প্রসঙ্গে প্রশ্ন করলে তিনি বললেন: তোমরা কি এটিকে আক্রমণ করেছিলে, তোমরা কি একে হত্যা করেছিলে? অথবা, তিনি (রাবী) তোমরা কি একে আঘাত করেছিলে? তারা বললেন: না। তখন তিনি বলেন: তাহলে তোমরা খেতে পারো।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, জাযাউস সাইদ, ১৮২৪; মুসলিম, হাজ্জ ১১৯৬; এটি পূর্বের হাদীসের পুনরাবৃত্তি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন আবু কাতাদা (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82147>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন